



তারিখ: ২৯ জুলাই, ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

“জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয় ২০২৫” এর জন্য অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন গ্রহণ শুরু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২৯ জুলাই ২০২৫: ২০২৪ সালের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের সকল শহিদদের আত্মত্যাগকে চিরভাস্বর করে রাখতে “জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়” চালু করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। গত ১ জুলাই ২০২৫ তারিখ মাননীয় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস শিক্ষার্থীদের হাতে ২০২৪ সালের এই শিক্ষাবৃত্তি তুলে দেয়ার মাধ্যমে ৩৬ দিনব্যাপী জুলাই স্মৃতি অনুষ্ঠানমালা উদ্বোধন করেন।

এই শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের নিয়মিত শিক্ষার্থীদের জন্য চলমান থাকবে। এতে স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা তাদের পূর্ববর্তী বর্ষের ফলাফলের ভিত্তিতে আবেদন করতে পারবেন। শিক্ষাবৃত্তির জন্য মূলত দুটি ক্যাটাগরির (১. বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী এবং ২. আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত, কিন্তু মেধাবী শিক্ষার্থীরা) শিক্ষার্থীরা বিবেচিত হবেন। আগ্রহী ও যোগ্য শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তির নিয়মাবলী অনুসরণ করে আগামী ৩০-০৯-২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন, তারা হলেন: স্নাতক (পাস): ২য় বর্ষ (২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষ) এবং ৩য় বর্ষ (২০২০-২১ শিক্ষাবর্ষ)। স্নাতক (সম্মান): ২য় বর্ষ (২০২২-২৩ শিক্ষাবর্ষ), ৩য় বর্ষ (২০২১-২২ শিক্ষাবর্ষ) এবং ৪র্থ বর্ষ (২০২০-২১ শিক্ষাবর্ষ, ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে)। মাস্টার্স প্রিলিমিনারী: ২০২০-২১ শিক্ষাবর্ষ। স্নাতকোত্তর: ২০২২-২৩ শিক্ষাবর্ষ (অনার্সের চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে)।

আবেদনের প্রক্রিয়াটি কলেজের মাধ্যমে সম্পন্ন হবে। শিক্ষার্থীদের National University College Portal (<http://collegeportal.nu.ac.bd>)-এ প্রবেশ করে College Login করার পর “শিক্ষাবৃত্তি তথ্যছক” লিংকে ক্লিক করে নিজেদের তথ্য পূরণ করতে হবে। এই শিক্ষাবৃত্তি শুধু শহিদদের প্রতি সম্মান প্রদর্শনেরই একটি মাধ্যম নয়, এটি দেশের ভবিষ্যৎ প্রজন্মকে উচ্চশিক্ষায় উৎসাহিত করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

মোঃ মোস্তাফিজুর রহমান

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭৭৭-৭৮৯০৪২



কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম:

শিক্ষার্থীর তথ্য	
ক) নাম:	
পিতা:	
মাতা:	
জন্ম তারিখ:	
জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর:	
খ) কোর্সের নাম:, বিষয়:	
গ) শিক্ষাবর্ষ:, রেজি: নম্বর:, বৃত্তির প্রার্থিত বর্ষ:	
ঘ) পূর্বতন বর্ষের ফলাফল (GPA):, মেধাক্রম:	
মোবাইল: ই-মেইল (যদি থাকে):	
শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ	

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)



কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম:

শিক্ষার্থীর তথ্য	
ক) নাম:	
পিতা:	
মাতা:	
জন্ম তারিখ:	
বর্তমান ঠিকানা:	
স্থায়ী ঠিকানা:	
জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর:	
খ) কোর্সের নাম:, বিষয়:	
গ) শিক্ষাবর্ষ:, রেজি: নম্বর:, বৃত্তির প্রার্থিত বর্ষ:	
ঘ) বিশেষ চাহিদাসম্পন্নের ধরণ:(সনদ সংযুক্ত করতে হবে)	
ঙ) বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজ: (সংযুক্ত করতে হবে)	
মোবাইল: ই-মেইল (যদি থাকে):	
শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ	

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)

